## ।।চিঠি।।



## ।।জবাব।।

ওগো বিপ্রাণী! ছবি-চিঠিখানি এসেছে মাসের সত্‌রো।
যায়না সে বলা এমনি উতলা হয়েছি পড়ে সে পত্র।
সাধ জাগে মনে গিয়ে তব সনে নির্জলা মারি আড্ডা-
কোথা ফুরসৎ? বড় বদখত্‌ জীবন নাম্নী গাড্ডা!
ছেড়নাকো হবি এঁকে চলো ছবি জোগাবে বিপুলানন্দ-
হয়তো বা ছড়া ভরে ঘড়া ঘড়া আমিও বাঁধব ছন্দ।
হোক না বেতালা তবুও নিরালা নিভৃতে জাগাবে মায়া-
দূর নদীকূলে যেথা ফুলে ফুলে ফেলেছে গভীর ছায়া-
বৃক্ষটি তব বসন্তে নব ভ্রমরেতে ঢাকে ঝাঁকেঝাঁক-
ভরিয়ে চিত্ত শাখায় নিত্য কোকিলেতে করে হাঁকডাক!

কলকাতা, ১৯৮৭।